

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং: ৩৭.০৩.০০০০.০১৬.২৪.০০৮.১৭-২৪৮

তারিখ: ১৫/০৫/২০১৮ খ্রি.


বিষয় : কারিগরি শিক্ষাক্ষেত্রে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ২০১৮ সালে চীনের বিভিন্ন প্রতিষ্ঠানে স্কলারশিপ এর আওতায় অধ্যয়নে আগ্রহী বাংলাদেশের পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের প্রাথমিক নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত বছরের ন্যায় ২০১৮ সালেও কারিগরি শিক্ষাক্ষেত্রে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পর্যায়ে চীনের বিভিন্ন প্রতিষ্ঠানে স্কলারশিপ এর মাধ্যমে শিক্ষার্থীদের অধ্যয়নের সুযোগ দেয়া হবে মর্মে চীনা দূতাবাস সূত্রে জানা গেছে। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠান হতে প্রাথমিকভাবে শিক্ষার্থী বাছাইয়ের লক্ষ্যে অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৫৯.৩২.০২৪.১৭-১০৬, তারিখ: ৩০/০৪/২০১৮ খ্রি. মোতাবেক পত্র দেয়া হয়েছিল। পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ হতে ন্যূনতম যোগ্যতানুযায়ী প্রেরণযোগ্য অধিদপ্তরের নির্ধারিত শিক্ষার্থীর সংখ্যানুযায়ী অনেক প্রতিষ্ঠানই শিক্ষার্থীর তালিকা প্রদান করে নাই।

উল্লেখ্য যে, শিক্ষার্থীদের বয়সের ক্ষেত্রে ১৮-২৫ বছর পর্যন্ত হলেও যোগ্য প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

এমতাবস্থায়, আগামী ০৫/০৬/২০১৮ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত সংখ্যানুযায়ী শিক্ষার্থীর তালিকা প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব

ও
পরিচালক (প: ও উ:)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

১-৪৯ | অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট,.....।
৫০-১১৩ | অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,.....।

অনুলিপি:

১. পরিচালক (প্রশা/ভোক/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪. নথি।